**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, রাজ্যে বর্তমানে যথেষ্ট পরিমাণে পেট্রোল, ডিজেল ও রান্নার গ্যাসের মজুত রয়েছে। পেট্রোল সংগ্রহের জন্য অযথা পেট্রোল পাম্পের সামনে ভীড় না করতে তিনি জনগনকে পরামর্শ দিয়েছেন।**

**(২) বনমন্ত্রী অনিমেষ দেববর্মা বলেছেন, পরিবেশের ভারসাম্য রক্ষা করতে হলে বন ও বন্যপ্রাণী সংরক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত তার শক্তিশালী অর্থনীতির মাধ্যমে বিশ্বের কাছে আশার আলো হয়ে আছে।**

**(৪) রাজ্যে আজ উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে দোল উৎসব উদযাপন করা হচ্ছে।**

**************************************

**Food Minister :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, রাজ্যে বর্তমানে যথেষ্ট পরিমাণে পেট্রোল, ডিজেল ও রান্নার গ্যাসের মজুত রয়েছে। পেট্রোল সংগ্রহের জন্য অযথা পেট্রোল পাম্পের সামনে ভীড় না করতে তিনি জনগনকে পরামর্শ দিয়েছেন। তিনি জানান, রাজ্যে নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীরও যথেষ্ট মজুত রয়েছে। পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতিতে রাজ্যে পণ্য সামগ্রীর সংকটের আশঙ্কা সংক্রান্ত গুজব ছড়িয়ে বিভ্রান্তি সৃষ্টি না করার জন্য তিনি সংশ্লিষ্ট সবাইকে সতর্ক করেছেন।

এদিকে, আজ সচিবালয়ে খাদ্যমন্ত্রীর পৌরহিত্যে এক বৈঠকে রাজ্যে পেট্রোল-ডিজেল, রান্নার গ্যাস ও নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর মজুত নিয়ে বিস্তারিত

পর্যালোচনা করা হয়। পণ্য সামগ্রীর অত্যাধিক মূল্য না নেবার জন্য তিনি ব্যবসায়ীদের অনুরোধ জানান। পাশাপাশি অত্যাবশকীয় সামগ্রীর কালোবাজারী প্রতিরোধে নজরদারি বাড়ানোর জন্য তিনি আধিকারিকদের নির্দেশ দেন। খাদ্যমন্ত্রী বলেন, রাজ্যে পেট্রোল-ডিজেল সহ নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রীর কৃত্রিম সঙ্কট সৃষ্টি করার চেষ্টা করা হলে অভিযুক্ত ব্যবসায়ীদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহণ করা হবে।

######Byte- Sushanta Chowdhury######

**********************************

**Forest Minister :**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা বলেছেন, পরিবেশের ভারসাম্য রক্ষা করতে হলে বন ও বন্যপ্রাণী সংরক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ বিষয়ে মানুষকে আরো বেশি সচেতন করা প্রয়োজন। আজ আগরতলার প্রজ্ঞাভবনে আয়োজিত রাজ্যভিত্তিক কর্মশালায় তিনি একথা বলেন। বন দপ্তর আয়োজিত এই কর্মশালার মূল বিষয় ছিল 'বন্যপ্রাণী ও উদ্ভিদ উদযাপন, জৈব বৈচিত্র সংরক্ষণ এবং প্রকৃতি সুরক্ষা'। কর্মশালায় বনমন্ত্রী আরো বলেন, বন্যপ্রাণীদের প্রাকৃতিক আবাসস্থল সুরক্ষিত রাখতে হবে, যাতে তারা স্বাধীনভাবে জীবনযাপন করতে পারে। একইসঙ্গে মানবসমাজের নিরাপত্তা ও স্বাভাবিক জীবনযাপনও নিশ্চিত করতে হবে।

তিনি বিশেষভাবে হাতির প্রসঙ্গ উল্লেখ করে বলেন, হাতিরা তাদের স্বাভাবিক চলাচলের পথে বাধা পেলে লোকালয়ে ঢুকে পড়ে। এর ফলে কৃষিজমির ফসল ও বীজ নষ্ট হয়, যা কৃষকদের জীবিকার উপর সরাসরি আঘাত হানে। তাই বনাঞ্চল ও হাতির করিডোর সংরক্ষণে আরও সক্রিয় পদক্ষেপ নেওয়ার ওপর জোর দেন তিনি।

*******************************

**Lok Bhawan Felicitation :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আগরতলায় লোক ভবনে এবছর নতুন দিল্লিতে রিপাবলিক ডে শিবিরে অংশ গ্রহণকারী রাজ্যের এন সি সি ক্যাডেটদের সংবর্ধনা প্রদান করেন। তিনি ক্যাডেটদের হাতে স্মারক ও মানপত্র তুলে দেন। রাজ্যপাল ক্যাডেটদের উদ্দেশ্যে বলেন, "দেশপ্রেম, শৃঙ্খলা ও নেতৃত্বের শিক্ষাই এনসিসির মূল শক্তি। এন.সি.সি ক্যাডেটদের কৃত্রিম বুদ্ধিমত্তা এবং আধুনিক ডিজিটাল প্রযুক্তি সম্পর্কেও সমানভাবে কৌতূহলী হতে হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এন সি সি'র ১৩ নম্বার ব্যাটেলিয়নের কমান্ডিং অফিসার কর্নেল সি রাজশেখর।

****************************

**Webiner-PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত তার শক্তিশালী অর্থনীতির মাধ্যমে বিশ্বের কাছে আশার আলো হয়ে আছে। আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি, সুস্থায়ী এবং শক্তিশালীকরণ ভাবনার উপর একটি বাজেট-পরবর্তী ওয়েবিনারে ভাষণ দিতে গিয়ে তিনি একথা বলেন। তিনি বলেন, দ্রুত অর্থনৈতিক উন্নয়ন বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গি বাস্তবায়নের ভিত্তিপ্রস্তর হয়ে উঠেছে। আজ বিশ্ব নির্ভরযোগ্য এবং স্থিতিস্থাপক উৎপাদন অংশীদার খুঁজছে। ভারত এই দিকে একটি গুরুত্বপূর্ণ অংশীদার। প্রধানমন্ত্রী আরো বলেন, ভারত অনেক দেশের সঙ্গে মুক্ত বাণিজ্য চুক্তিতে প্রবেশ করেছে এবং দেশের জন্য বিশাল সুযোগের দ্বার উন্মুক্ত হয়েছে।

######Byte-PM#####

*****************************

**World Wildlife Day :**

আজ বিশ্ব বন্যপ্রাণ দিবস। এ উপলক্ষ্যে আজ সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বন্যপ্রাণী সংরক্ষণে যাঁরা কাজ করছেন, তাঁদের স্বীকৃতি দেওয়া এবং প্রাণী সংরক্ষণে দায়বদ্ধ থাকার প্রয়োজনীয়তাও তুলে ধরেছেন। তিনি বলেছেন, ভারতের প্রাণী বৈচিত্র্য অনন্য। এ দেশে বাঘের সংখ্যা সারা

বিশ্বের ৭০ শতাংশ। একশৃঙ্গ গন্ডার এবং এশিয়ার হাতিরও বৃহত্তম আবাসস্থল ভারত। এশিয়ার সিংহ এখন একমাত্র ভারতেই পাওয়া যায়। বন্যপ্রাণী সংরক্ষণে সরকারের বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন প্রধানমন্ত্রী।

******************************

**Courtsey Meet :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নতুন দিল্লিতে কেন্দ্রীয় যুব ও ক্রীড়া বিষয়ক এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়ার সাথে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে উভয়ের মধ্যে রাজ্যে ক্রীড়া, যুব বিষয়ক, শ্রম ও কর্মসংস্থান পরিকাঠামো উন্নয়ন নিয়ে আলোচনা হয়।

******************************

**Labour Minister :**

শ্রমমন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের চন্ডীপুর বিধানসভা কেন্দ্রের অধীন মুর্তিছড়া চা-বাগান এবং ছনতৈল এলাকার শোভা চা-বাগান এলাকায় বাগিচা শ্রমিকদের মধ্যে মশারি বিতরণ কর্মসূচিতে অংশ নেন। শ্রমমন্ত্রী জানান, জনস্বাস্থ্য রক্ষায় এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**Holi :**

রাজ্যে আজ উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে দোল উৎসব উদযাপন করা হচ্ছে। আগরতলার, জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দির, লক্ষ্মীনারায়ণ জিউ মন্দিরে ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে দোল পূর্ণিমা উৎসব পালন করা হচ্ছে।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা পবিত্র হোলি উৎসব উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় তিনি পবিত্র এই উৎসব ভ্রাতৃত্ব, ভালোবাসা ও সৌহার্দ্যের বন্ধন আরো সুদৃঢ় করবে বলে আশা ব্যক্ত করেন।

******************************

**Package Story-Bal Vivah Mukt Bharat :**

বাল্য বয়সে বিয়ের বিরুদ্ধে রুখে দাঁড়িয়ে আজ সরকারি আধিকারিক পদে নিযুক্তি পেলো সোনামুড়ার প্রিয়াঙ্কা মজুমদার। বাল্য বিবাহের বিরুদ্ধে অদম্য জেদই বদলে দিয়েছে এক কিশোরীর জীবন। শুনুন একটি প্রতিবেদন।

########VC########

******************************

**CPIM :**

ককবরক ভাষা আন্দোলনের শহীদ ধনঞ্জয় ত্রিপুরার ৫২তম শহীদান দিবস আজ আগরতলা সি.পি.আই.এম রাজ্য কার্যালয়ে পালন করা হয়েছে। সিপিএম রাজ্য সম্পাদক তথা বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী সহ অন্যান্যরা শ্রদ্ধা নিবেদন করেছেন।

জোলাইবাড়ির সাঁচীরামবাড়ি ধনঞ্জয় ত্রিপুরা ইকো পার্কের সামনে জেলাভিত্তিক কর্মসূচিতে ধনঞ্জয় ত্রিপুরার অস্থায়ী শহীদ স্মারকে শ্রদ্ধা জানান বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, সি.পি.আই.এম দক্ষিণ জেলার সম্পাদক তাপস দত্ত।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

************************

**Cricket-Khowai :**

আজ খোয়াই বিমানবন্দর মাঠে পুলিশ ও সাংবাদিকের মধ্যে এক ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়। এই ম্যাচে পুলিশ দল জয়লাভ করে।

***************************